

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৩১২

৫/ মাসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা (کتاب المساجد ومواضع الصلاة)
পরিচ্ছেদঃ ৫/৭. সালাতে কথা বলা নিষিদ্ধ এবং (কথা বলার বৈধতা রহিত হওয়া প্রসঙ্গে।

تحريم الكلام في الصلاة ونسخ ما كان من إباحته

আরবী

حَدِيْتُ زَيْدِ بْنِ أَرْقَمَ قَالَ كُنَّا نَتَكَلَّمُ فِي الصَّلاَةِ عَلَى عَهْدِ النَّبِيِّ صلى الله عليه وسلم يُكَلِّمُ أَحَدُنا صَاحِبَهُ بِحَاجَتِهِ حَتَّى نَزَلَتْ (حَافِظُوا عَلَى الصَّلَوَاتِ وَالصَّلاَةِ الْوُسْطَى وَقُومُوا لِلَّهِ قَانِتِينَ) فَأُمِرْنَا بِالسُّكُوتِ

বাংলা

৩১২. যায়দ ইবনু আরকাম (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সময়ে সালাতের মধ্যে কথা বলতাম। আমাদের যে কেউ তার সঙ্গীর সাথে নিজ দরকারী বিষয়ে কথা বলত। অবশেষে এ আয়াত নাযিল হল- 'তোমরা তোমাদের সালাতসমূহের সংরক্ষণ কর ও নিয়ানুমবর্তিতা রক্ষা কর; বিশেষ মধ্যবর্তী (আসর) সালাতে, আর তোমরা (সালাতে) আল্লাহ্র উদ্দেশে একাগ্রচিত্ত হও'- (আল-বাকারাহ্ঃ ২৩৮)। তারপর থেকে আমরা সালাতে নীরব থাকতে আদিষ্ট হলাম।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৫: তাফসীর, অধ্যায় ৪৩, হাঃ ১২০০; মুসলিম, পর্ব ৫: মসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণন, অধ্যায় ৭, হাঃ ৫৩৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরক্বাম (রাঃ)

义 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন